



তথ্যবিবরণী

নম্বর-২৩৩

মানব পাচার প্রতিরোধ করা না গেলে তা আমাদের অর্থনীতির ওপর প্রভাব ফেলবে

- জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব

রাজশাহী, ১০ চৈত্র (২৪ মার্চ) :

জননিরাপত্তা বিভাগের অতিরিক্ত সচিব খন্দকার মো. মাহাবুবুর রহমান বলেছেন, অবৈধ বিদেশ গমন দেশের ভাবমূর্তি বিনষ্ট করছে। মানব পাচার পরিস্থিতি খারাপ হলে যুক্তরাষ্ট্র সেখানে অর্থনৈতিক অবরোধ দেয়। তাই এটা প্রতিরোধ করা না গেলে তা আমাদের অর্থনীতির ওপর প্রভাব ফেলবে।

আজ (২৪ মার্চ) সকালে রাজশাহী বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে মানব পাচারের শিকার ব্যক্তির সুরক্ষা ও সহায়তায় বাংলাদেশ জাতীয় রেফারেল ব্যবস্থার কাঠামো বিষয়ক এক বিভাগীয় কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ এ কর্মশালার আয়োজন করে।

মাহাবুবুর রহমান বলেন, আমাদের দেশে কর্মসংস্থান তৈরি হয়নি। আমাদের ৪০ ভাগের উপর ১৮ থেকে ৪০ বছর বয়সীরা রয়েছে। আমরা তাদের কাজে লাগাতে পারিনি। তারা যখন দেখে তার পাশের বাড়িতে বিদেশ থেকে টাকা আসছে, তারা খুব সুন্দর জীবন-যাপন করছে, তখন সুন্দর জীবনের প্রত্যাশায় সে বিদেশ পাড়ি জমায়। সে আমাকেও জানায় না, আপনাকেও জানায় না, সেখানে গিয়ে সে বিপদে পড়ে।

তিনি বলেন, এরকম মানব পাচার প্রতিরোধে সরকার জাতীয় রেফারেল ব্যবস্থা কাঠামো হাতে নিয়েছে। এ ব্যবস্থায় দেশে বা দেশের বাইরে কেউ পাচারের শিকার হলে তিনি বা অন্য কোনো ব্যক্তি অনলাইনে তথ্য প্রদান করে নথিভুক্ত হবেন। এরপর তিনি জাতীয় রেফারেল ব্যবস্থার অধীন তার চাহিদা ভিত্তিক বিভিন্ন সুবিধা পাবেন। এসব সুবিধার মধ্যে রয়েছে আর্থিক, আইনগত, নিরাপত্তা, আশ্রয়, দক্ষতা উন্নয়নসহ বিভিন্ন স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী সেবা। প্রাথমিকভাবে পাঁচটি জেলায় প্রকল্পটির পাইলটিং হবে তারপর সারাদেশে বাস্তবায়িত হবে।

বিভাগীয় কমিশনার খন্দকার আজিম আহমেদ এর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন পুলিশের উপ-মহাপরিদর্শক মোহাম্মদ শাহজাহান। অনুষ্ঠানে রাজশাহী বিভাগের আট জেলার জেলা প্রশাসক, পুলিশ সুপার, বিভিন্ন সরকারি দপ্তরের প্রধানগণ, এনজিও প্রতিনিধি ও সাংবাদিকবৃন্দ অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানের শুরুতে প্রকল্প সংশ্লিষ্টরা দেশের মানব পাচার পরিস্থিতি ও জাতীয় রেফারেল ব্যবস্থার কাঠামো বিষয়ে পাওয়ারপয়েন্ট উপস্থাপনা করেন। ##

.....
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১০.৩০ঘ